

# আপনি কী পারিবারিক সহিংসতার মধ্যে বসবাস করছেন? আপনার চিকিৎসকের সঙ্গে কথা বলুন

এগুলোর কোনটিই মেনে নেয়া যায় না

## অর্থনৈতিক লাঞ্ছনা

যেমনঃ জোর করে আপনার টাকা-কড়ি নেয়া,  
বা নিয়ন্ত্রন করা , জানতে চাওয়া প্রতিটি অর্থ যাচ্ছে কোথায়।

## যোগাযোগ বিচ্ছিন্নতা

যেমনঃ বন্ধু, পরিবার বা সেবা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ নিয়ন্ত্রন করা, বলে দেয়া  
হচ্ছে কোথায় কখন আপনি যাবেন বা যেতে পারবেন।

## যৌন নিপীড়ন

যেমনঃ আপনার ইচ্ছার বিরুদ্ধে যৌন কর্ম করা, বা যৌন হয়রানিমূলক অশ্লীল ভাষা ব্যবহার করা।

## হুমকি এবং ভয় দেখানো

যেমনঃ জিনিসপত্র ভাঙ্গা, অস্ত্র প্রদর্শন, বেপরোয়া ভাবে গাড়ি চালানো, আত্মহত্যার হুমকি দেয়া, আঘাত করা,  
মেঝে ফেলতে চাওয়া, যা খুন পর্যন্ত গড়াতে পারে।

## শারীরিক অত্যাচার

যেমনঃ লাথি মারা, মারধর করা, চুল ধরে টানা, গলা টিপে ধরা, অস্ত্র প্রদর্শন বা শাস্তি দেয়া।

## মানসিক অত্যাচার

যেমনঃ হেয় করার উদ্দেশ্যে গালি দেয়া, বিচ্ছিন্ন করা, অপদস্থ করা, হিংসুটে আচরন করা।

## বাচ্চা বা পোষা প্রাণীদের সাথে

বাচ্চাদের আঘাত করা বা আঘাতের হুমকি দেয়া, বাচ্চাদের দেখার অধিকারের নামে হয়রানি করা, পোষা প্রাণীদের নির্যাতন, ভীতসন্ত্রস্ত  
করা।

## আত্মিক, ধর্মীয় বা সাংস্কৃতিক লাঞ্ছনা বা নিগ্রহ

ধর্মীয়, সাংস্কৃতিক বা আত্মিক বিশ্বাস সম্পর্কিত কাজ করতে না দেয়া, শাস্তি দেবার লক্ষ্যে ধর্মের অপব্যবহার করা, ধর্মীয় বিশ্বাসের  
বিরুদ্ধে কাজ করার জন্য বল প্রয়োগ করা।

যদি ইমারজেন্সি হয় তবে সরাসরি কল করুন 000 অথবা 131450 নাম্বারে কল করেও 1800  
RESPECT এর সাথে যোগাযোগ করতে পারেন অথবা সরাসরি 1800 737 732 (ফ্রি কল)  
নাম্বারে ফোন করতে পারেন। আপনার GP এর সাথেও কথা বলতে পারেন।